তারিখ 16 JUN 2016
পৃষ্ঠা ৭ কলাম ৫

দৈনিক
ইত্তেফাক

# বরিশাল মেডিক্যাল কলেজে গভীর রাতে পুলিশি অভিযানে অধ্যক্ষের বাধা

■ বরিশাল অফিস

বরিশালে শের-ই-বাংলা মেডিক্যাল কলেজে (শেবাচিম) ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষের পর গভীর রাতে পুলিশ হোস্টেলে অভিযান পরিচালনা করতে গেলে অধ্যক্ষ বাধা দেন। ফলে অভিযান না চালিয়ে রাতেই পুলিশ ক্যাম্পাস ত্যাগ করে।

মেডিক্যাল কলেজ সূত্রে জানা যায়, মঙ্গলবার রাতে হোস্টেলের সামনে ছাত্রলীগের বিবদমান দুটি গ্রুপের মধ্যে তৃতীয় দিনের মত সংঘর্ষ হয়। প্রতিবারই পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণ করে। টানা সংঘর্ষের কারণে পুলিশ গভীর রাতে আবাসিক হলে অস্ত্র উদ্ধার ও সাঁড়াশি অভিযান পরিচালনার উদ্দেশ্যে হাজির হয়। কোতয়ালী মডেল থানার ওসি আওলাদ হোসেন মামুনের নেতৃত্বে পুলিশের একটি দল কলেজের এক নং ও দুই নং হলে পৌঁছালে কলেজ অধ্যক্ষ ডা. ভাস্কর সাহা বাধা দেন।

ওসি আওলাদ হোসেন জানান, কলেজের স্বেচ্ছাসেবী সংগঠন রেড ক্রিসেন্ট ক্লাবের পাল্টা-পাল্টি কমিটি গঠন নিয়ে গত তিন/চার দিন যাবৎ উভয়পক্ষের সংঘর্ষ, হামলা ও পাল্টা হামলার ঘটনা ঘটছিল। সংঘর্ষের সময় কলেজের এক নং ও দুই নং হলে অবস্থানরত আবাসিক ছাত্রদের কক্ষে অস্ত্র লুকিয়ে রাখার তথ্য পেয়ে অভিযান পরিচালনার সিদ্ধান্ত নেয় পুলিশ। কিন্তু কলেজ গেটে অধ্যক্ষ বিষয়টি আপোষ-নিষ্পত্তি করার আশ্বাস দিয়ে অভিযান পরিচালনায় আপত্তি তোলেন।

এ ব্যাপারে অধ্যক্ষ ডা. ভাস্কর সাহা জানান, সব দিক চিন্তা করে অভিযানের অনুমতি দেয়া হয়নি। পুলিশের কাছে শুধু রাতটুকু চাওয়া হয়েছে। বিষয়টি দ্রুত সমাধান হয়ে যাবে বলে তিনি আশা করছেন।